গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজাপুর, ঝালকাঠি
www.rajapur.jhalakathi.gov.bd

রাজাপুর উপজেলার নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি : নুসরাত জাহান খান
উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি।

তারিখ : ২৫-০১-২০২৩ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের এর অফিস কক্ষ।

পরিশিষ্ট : কমিটির উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীর জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করা এবং এ বিষয়ে সচেতন হওয়া একান্ত প্রয়োজন। সরকারি নীতি পরিপন্থী কোন কাজ না করা এবং স্বচ্ছতা ও দ্রুততার সাথে প্রদেয় সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া সকল কর্মকর্তা ও কর্মচারীর নৈতিক দায়িত্ব। এছাড়াও তিনি জানান, নৈতিকতার উৎকর্ষ সাধনের লক্ষ্যে সরকার সোনার বাংলা গড়ার প্রত্যয়ে "জাতীয় শুদ্ধাচার কৌশল" পত্র শিরোনামে একটি কর্মকৌশল প্রণয়ন করেন। অতঃপর সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত উপস্থিত সকলকে আলোচনার জন্য আহবান জানান। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণপূর্বক স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক জাতীয় শুদ্ধাচার ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২২-২০২৩ এর বিভিন্ন সূচক বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।	স্ব-স্ব জাতীয় শুদ্ধাচার ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২২-২০২৩ এর বিভিন্ন সূচক বাস্তবায়নে সকলকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট
২. নৈতিকতা কমিটির সভা আয়োজন সংক্রান্ত	বার্ষিক শুদ্ধাচার কৌশলের পরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক সভা করার নির্দেশনা রয়েছে। নির্দেশনা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে এবং সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা হচ্ছে।	এ ধারা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট
৩. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর অনুসরণপূর্বক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ত্রৈমাসিক নিয়মিত সভা আহবানের নির্দেশনা রয়েছে।	উপজেলায় অংশীজনের অংশগ্রহণে নিয়মিত ত্রৈমাসিক সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য ইতোমধ্যে এ উপজেলায় অংশীজনের অংশগ্রহণে ১ম ও ২য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। এ ধারা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট

আলোচসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪. ওয়েবসাইটে শুদ্ধাচার কৌশলের সেবাবক্স হালনাগাদ সংক্রান্ত	শুদ্ধাচার সম্পর্কিত স্ব-স্ব ওয়েব সাইটে পৃথক সেবাবক্স রয়েছে। এ সেবাবক্সের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের শুদ্ধাচার সেবাবক্সটি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। উক্ত সেবাবক্সে প্রতি বছরের কর্মপরিকল্পনা এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়।	শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করার জন্য এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আপলোড করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।	০১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, রাজাপুর, ঝালকাঠি ০২। সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট ০৩। নাজির, রাজাপুর ইউএনও অফিস, রাজাপুর,ঝালকাঠি।
৫. সেবা প্রদান সহজীকরণ	জনগণকে সহজে তথ্য ও সেবা প্রদানের লক্ষ্যে উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয়, রাজাপুর, ঝালকাঠি এর কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তার কক্ষে সাধারণ জনগণকে অফিস চলাকালীন সময়ে প্রশাসনিক কর্মকর্তার মাধ্যমে সার্বক্ষণিকভাবে বিভিন্ন তথ্য প্রদান করা হচ্ছে। এছাড়াও বিভিন্ন দপ্তরের সাথে যোগাযোগের জন্য সহায়তা প্রদান করাসহ সেখান থেকে সেবা প্রার্থীদের কাঙ্খিত সেবা প্রদান করা হয়।	সেবাপ্রত্যাশী জনগণ যাতে অহেতুক হয়রানীর শিকার না হয়ে স্বল্পতম সময়ে মানসম্মত সেবা পায় সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা আরো সচেতন হবেন।	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট
৬. কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের বিষয়ে আলোচনা	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুযায়ী উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা করতে হবে।	উক্ত বিষয়ে কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, প্রশিক্ষণ প্রদান বব্যাহত আছে।	১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর। ২। সদস্য সচিব

পরিশেষ সভাপতি বলেন, আমরা সরকারি কর্মচারী হিসেবে জনগণের যথাযথ সেবা প্রদান করা আমাদের নৈতিক দায়িত্ব ও কর্তব্য। নির্ধারিত সময়ের মধ্যে সিটিজেন চার্টার অনুসরণপূর্বক জনগণকে সেবা প্রদানের বিষয়ে তিনি সর্বোচ্চ গুরুত্বারোপ করেন। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে দ্রুততম সময়ে সেবা প্রদানের নিমিত্ত উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরে আগত সেবা প্রত্যাশীদের সাথে ভাল ব্যবহার, নিজ নিজ অবস্থান থেকে স্বচ্ছ ও সঠিকভাবে দায়িত্ব পালনের এবং এ কার্যালয়ের সকল শাখার পত্র ও নথিসমূহ **ই-ফাইলিং** এর মাধ্যমে উপস্থাপন করতে হবে। এছাড়াও স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি জনসাধারনের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

নুসরাত জাহান খান
উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি।
ফোন: ০৪৯৫৪-৬৫২২২
ই-মেইল-unorajapur@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.৪২৮৪.০০১.১৬.০২৯.২২-১৬৪ (১০০) তারিখঃ ২৬/০১/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, (সকল).. ।
০৫. জেলা প্রশাসক, (সকল).. ।
০৬. উপপরিচালক, স্থানীয় সরকার, ঝালকঠি।
০৭. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঝালকাঠি।
০৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ..., ভোলা।
০৯. রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, ঝালকাঠি।
১০. সহকারী কমিশনার (ভূমি)(অ:দা:), রাজাপুর, ঝালকাঠি
১১. উপজেলা...রাজাপুর/সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজাপুর, ঝালকাঠি
১২. অফিস কপি।

২৬/০১/২৩

উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি।